গাংনীর খাসমহলের মৎস্য চাষি লিটনকে হত্যার চেষ্টার অভিযোগ

মেহেরপুরের গাংনীর কাথুলি ইউপির খাসমহল গ্রামের সরকারী পুকুর খননকে কেন্দ্র করে প্রকল্প সভাপতি ও মৎস্য চাষি লিটনকে হত্যার চেষ্টা করেছে স্থানীয় মাদক ব্যাবসায়ীরা।

বৃহষ্পতিবার সকাল ছয়টার দিকে সরকারী পুকুর পাড়ে এ ঘটনাট ঘটে। গ্রামের মৃত চান্দুর ছেলে আহম্মদ আলী ও তার ভাই মোমিন হাসুয়া দিয়ে হত্যার চেষ্টায় ব্যর্থ হলে লিটনকে বাঁশের লাঠি দিয়ে আঘাত করে। চাঁদা না দেয়ায় এ হত্যার চেষ্টা করা হয়েছে বলে দাবি করেছেন লিটন। লিটন খাসমহল গ্রামের আব্দুল্লাহ শেখের ছেলে।

লিটন জানান, তিনি নিজ বাড়িতে ঘুমিয়ে ছিলেন। এসময় গ্রামের জনৈক ব্যক্তি তাকে খবর দেন যে, সরকারী পুকুর পাড়ের বালু কে বা কারা উত্তোলন করে নিয়ে যাচ্ছে। খবর পেয়ে তিনি পুকুর পাড়ে আসেন। এসময় কাউকে দেখতে না পেয়ে তিনি মিয়ারুলের বাড়িতে প্রবেশ করেন। এসময় আহম্মদ ও মোমিন অপহরণের চেষ্টা করে।

আহম্মদ আলী লিটনকে হাসুয়া দিয়ে হত্যার চেষ্টা চালালে লিটন হাসুয়া কেড়ে নেয় এবং মোমিন ও আহম্মদ মিলে তাকে মারপিট করে। আহম্মদ আলীর ফেনসিডিলের চালান প্রশাসনের লোকজন বেরিকেড দিয়ে কেড়ে নিয়েছে মর্মে অভিযোগ এনে লিটনের কাছে চারলাখ টাকা চাদা দাবী করে তারা।

এতে অপারগতা প্রকাশ করলে রাগান্বিত হয়ে হত্যার চেষ্টা অব্যাহত রেখেছে বলেও অভিযোগ করেছেন লিটন। এদিকে মিয়ারুল লিটনের প্রাণ ভিক্ষা চাওয়ায় আহম্মদ ও লিটন মিয়ারুলের দেড় লাখ টাকা মুল্যের একটি গরু নিয়ে যায়। আহম্মদ আলীর নামে আটটি মামলা রয়েছে। মোমিনের নামেও রয়েছে একাধিক মামলা।

লিটন আরো জানান, সম্প্রতি তিনি সরকারী পুকুর খনন করছেন। আট লাখ টাকা ব্যয়ে খননকৃত পুকুরটি হস্তগত করতে মরিয়া হয়ে উঠেন স্থানীয় জনপ্রতিনিধি ও প্রভাবশালীরা। তারা ওই পুকুর খননের ছবি ও ভিডিও ধারন করে বিভিন্ন সোস্যাল মিডিয়াতে ছড়িয়ে দিলে প্রশাসন তদন্ত শুরু করেন। বিষয়টি ভুয়া প্রমানিত হয়।

অবশেষে লিটনকে শায়েস্তা করতে কৌশল বেছে নেন ওই প্রভাবশালীরা।

তারা এলাকার পরিচিত মাদক পাচারকারীদেরকে লেলিয়ে দেয়। অবশেষে আহম্মদ ও মোমিন এ হত্যার চেষ্টা চালিয়েছে। এদের বিরুদ্ধে থানায় মামলার প্রস্তুতি নিচ্ছেন বলেও জানান লিটন।

বিষয়ে আহমদ আলীর সাথে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোনে জানান, আমি তার জমির বন্দক দিয়েছি কিন্তু সে আমার টাকা ফেরত দিচ্ছে না আজকাল করে ঘুরে নিয়ে বেড়াচ্ছে আমি সেই টাকা চাইতে গিয়ে ছিলাম।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, তিনি এ বিষয়ে কিছুই জানেন না। তবে অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর আয়োজনে কাজী নজরুলের জন্ম বার্ষিকী পালন

বিদ্রোহী কবির লেখা গান, কবিতা ও আলোচনা সভার মধ্য দিয়ে গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী আয়োজন করছে প্রেম ও সামঢের কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মবার্ষিকী উদযাপন।

বুধবার রাত সাড়ে ৯ টার সময় গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজন করা হয়।

গাংনী উপজেলা শিল্পকলার আয়োজনে এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক ও শিল্পকলার অন্যতম প্রতিষ্ঠাতা সিরাজুল ইসলাম।

করমদী ডিগ্রী কলেজের প্রভাষক এএসএম সায়েম পল্টুর সঞ্চালনায় নজরুলের জীবনী তুলে ধরে বক্তব্য রাখেন দি হাঙ্গাার প্রজেক্ট বাংলাদেশ এর খুলনা এরিয়া অফিসের সমন্বয়ক খোরশেদ আলম, গাংনীর বিশিষ্ট ছড়াকার ও কবি ইয়াসিন রেজা, গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক কবি আবুল কাশেম অনুরাগী, কুষ্টিয়া ইসলামি বিশ্ববিদ্যালয়ের টেকনিকেল অফিসার অশোক চন্দ্র বিশ্বাস, করমদি

ডিগ্রি কলেজের বাংলা বিভাগের প্রভাষক মাসুদ রানা।
অনুষ্ঠানে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের লেখা কবিত আবৃতি করেন অনুষ্ঠানের সভাপতি সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, কবি আবুল কাশেম অনুরাগী ও আজিজুল হক রানু।

এছাড়া সংগীত পরিবেশন করেন গাংনী শিল্পকলার ওস্তাদ এসএম সেলিম রেজা, খুলনা বেতারের কন্ঠ শিল্পী মাহবুবা আক্তার বিউটি, রেশমা রেজা, ফারহানা কানিজ তথাপি, হোসেন আদ্রিতা ইমরোজ, নিরব, আআজিজুল হক রানু ও সাংবাদিক জুলফিকার আলী কানন।

মেহেরপুরসহ ৬ পৌরসভার ভোট মনিটরিংয়ে বসছে সিসি ক্যামেরা

৬টি পৌরসভা নির্বাচনে সিসিটিভি ক্যামেরা স্থাপন করছে নির্বাচন কমিশন। এর মধ্যে মেহেরপুর পৌরসভাও রয়েছে। এসব পৌরসভার ভোটকেন্দ্রে ও কক্ষে ৯৫১টি সিসি ক্যামেরা বসিয়ে ভোট মনিটর করবে এই সাংবিধানিক সংস্থাটি। নির্বাচন কমিশন সূত্রে এ তথ্য জানা গেছে।

এর আগে নির্বাচন কমিশন কুমিল্লা সিটি করপোরেশন নির্বাচনের ভোটকেন্দ্র ও ভোটকক্ষে সিসিটিভি স্থাপনের উদ্যোগ নেয়।

ইসি সূত্রে জানা গেছে, তফসিল ঘোষিত গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জের মোকসুদপুর পৌরসভা, সিলেটের বিয়ানীবাজার পৌরসভা, রাঙ্গামাটির বাঘাইছড়ি পৌরসভা, মেহেরপুর পৌরসভা ও ঝিনাইদহ পৌরসভা নির্বাচনে প্রতিটি ভোটকেন্দ্রে একটি এবং প্রতিটি কেন্দ্রের সব ভোটকক্ষে একটি করে সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে ইসি। কুমিল্লা সিটির মতো এসব পৌরসভার জন্যও ভাড়ার ভিত্তিতে সিসিটিভি স্থাপন করা হবে।

কুমিল্লা সিটি করপোরেশনসহ এসব পৌসভার নির্বাচন আগামী ১৫ জুন অনুষ্ঠিত হবে। ইসি গত ২৫ এপ্রিল এ নির্বাচনের তফসিল ঘোষণা করে।

এ বিষয়ে নির্বাচন কমিশনর অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ বলেন, কুমিল্লা সিটির মতো কমিশন ছয়টি পৌরসভা নির্বাচনে সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। সে অনুযায়ী উদ্যোগ নেওয়া হয়েছে।

কুষ্টিয়ায় মাধ্যমিক পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক হলেন নাদিরা খানম

কুষ্টিয়ায় মাধ্যমিক পর্যায়ে জেলায় শ্রেষ্ঠ শিক্ষক (নারী) নির্বাচিত হয়েছেন নাদিরা খানম। তিনি কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে তার নাম ঘোষণা করেছেন জেলা শিক্ষা অফিস।

নাদিরা খানম সম্প্রতি কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষিকা হিসেবে পদোন্নতি লাভ করেছেন। একসময়ের বিতার্কিক এ নারী শিক্ষক আন্তঃব্যাচ বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছিলেন।

বর্তমানে তিনি বিতর্ক প্রতিযোগিতায় বিচারক হিসেবে দায়িত্ব পালনসহ শিক্ষার্থীদের মাঝে বিতর্ক শিল্প তৈরির কাজ করে যাচ্ছে প্রতিনিয়ত। একই সাথে তিনি নিজেকে যুক্তির আলোয় মুক্তি ঘটিয়ে প্রতিভা বিকশিত করে আলোকিত করেছেন নিজেকে।

এরআগে তিনি আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস উপলক্ষে জয়িতা অন্বেষন কার্যক্রমের আওতায় ‘শিক্ষা ও চাকরি ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী’ ক্যাটাগরিতে জয়িতা নির্বাচিত হন নাদিরা খানম।

লাখো কন্ঠে জাতীয় সঙ্গীতে জেলা টিমের নেতৃত্ব দিয়ে চমক সৃষ্টি করেন। এছাড়াও রেড ক্রিসেন্টের স্কুল সংগঠক হিসেবে দায়িত্ব পালন করছেন।

কুষ্টিয়া জেলার সরকারি শিক্ষক সমিতির সেক্রেটারির পাশাপাশি রেড

ক্রিসেন্ট সোসাইটি ও লালন একাডেমীর আজীবন সদস্য, কুষ্টিয়া লেডিস ক্লাবের সাংস্কৃতিক সম্পাদক ও বাংলাদেশ মহিলা সংস্থার সদস্যসহ বিভিন্ন ক্ষেত্রে তার অবদান অনস্বীকার্য।

তিনি আত্মমানবতার সেবায় নিজেকে নিয়োজিত রেখেছেন। মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা প্রদান, শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণসহ নানান সামাজিক কর্মকান্ডের সাথে নিজেকে জড়িয়ে রাখেন। নাদিরা খানম স্বপ্ন দেখেন নারী ও শিশুদের কল্যাণে কাজ করার। তিনি বলেন, এই পুরস্কার আমার জন্য আরও কর্মস্পৃহা বাড়িয়ে দিলো। তাই আমি দুস্থ-অসহায় নারী ও শিশুদের কল্যাণে অবিরাম গতিতে কাজ করার পাশাপাশি শিক্ষাক্ষেত্রে মেয়েদের জন্য নিরলসভাবে কাজ করে যাবো।

কোটচাঁদপুরে দশম শ্রেণির শিক্ষার্থীর আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে সাদিয়া সুলতানা নুপুর (১৫) নামে দশম শ্রেণীর এক শিক্ষার্থীর আত্মহত্যার ঘটনা ঘটেছে। বুধবার সকালে উন্নত চিকিৎসার জন্য যশোরে নেওয়ার পথে সে মারা যায়।

তবে কি কারনে ওই শিক্ষার্থী আত্মহত্যার পথ বেছে নিয়েছে! তা, এখনো জানা না গেলেও প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে প্রেম ঘটিত কারণে নুপুর আত্মহত্যা করেছে।

কোটচাঁদপুর থানার উপ- পরিদর্শক এসআই জাহিদ হোসেন জানান, উপজেলার বলুহর গ্রামের বকুলতলা পাড়ার বিল্লাল হোসেনের মেয়ে ও স্থানীয় শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী সাদিয়া সুলতানা নুপুর গত সোমবার স্কুলে যাওয়ার পথে বিষপান করেন।

পরিবারের লোকজন তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। পরে চিকিৎসা নিয়ে বাড়ি ফেরার পর বুধবার সকালে আবারো অসুস্থ্য হয়ে পড়লে তাকে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়।

সেখানে অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখানে নেওয়ার পথেই সে মারা যায়।

স্থানীয় সূত্রে জানা যায়, পার্শ্ববর্তী রামচন্দ্রপুর গ্রামের শরিফুল ইসলামের ছেলে ট্রাকচালক শাকিলের সঙ্গে নুপুরের প্রেমের সম্পর্ক ছিল। বিষয়টি জানাজানি হলে, পরিবারের লোকজন তাকে বাধা দেয়। এতে সে আত্মহত্যার পথ বেছে নিয়েছে।

পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

গাংনীতে সরকারিভাবে ধান সংগ্রহের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার অভ্যন্তরীণ ও বোরো ধান সংগ্রহ উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার খাদ্যগুদামের সরকারিভাবে কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করা হয়।

ধান সংগ্রহ উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি অফিসার লাভলী খাতুনের সভাপতিত্বে এ ধান সংগ্রহের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। এ সময় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল, উপজেলা খাদ্য কর্মকর্তা মনোয়ার হোসেন, উপজেলা খাদ্য গুদাম কর্মকর্তা হাসান সাব্বির প্রমুখ উপস্থিত ছিলেন।

চলতি বছরে ৯ হাজার ২১ মে. ট. ধান কৃষকদের কাছ থেকে সরাসারি ক্রয় করা হবে।প্রতি কেজি ২৭টাকা দরে,প্রতি মন ধান ১হাজার ৮০ টাকা দরে ধানের দাম সরকারিভাবে নির্ধারণ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় প্রেমিকাকে ভিডিও কলে রেখে যুবকের আত্মহত্যা

চুয়াডাঙ্গা জেলা সদরের পৌর এলাকায় প্রেমিকাকে ভিডিও কলে রেখে ফজলে রাব্বি সোলাইমান (২৪) নামে এক কলেজ শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। বুধবার (২৪ মে) রাত ২টার দিকে ঘটনাটি ঘটে।

পরিবারের সদস্যরা জানায়, রাত ২টার দিকে অজ্ঞাত এক নারী আমাদের ফোন করে জানায় রাব্বি ফাঁস দিয়েছে, তাড়াতাড়ি তার ঘরে যান। আমরা গিয়ে দেখি দরজা বন্ধ। প্রতিবেশীদের সহযোগিতায় দরজা ভেঙে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরে জানতে পারি, প্রেমিকার সঙ্গে মনোমালিন্যের কারণে আত্মহত্যা করে রাব্বি।

স্থানীয়রা জানায়, রাব্বি খুব ধার্মিক প্রকৃতির ছেলে ছিল। সপ্তাহে দুদিন রোজা রাখত। মঙ্গলবারও রোজা রেখেছিল। আমরা আগে কখনো শুনিনি কোনো মেয়ের সঙ্গে তার সম্পর্ক আছে।

ফজলে রাব্বি চুয়াডাঙ্গা সদর উপজেলার বোয়ালমারি গ্রামের টুলু মিয়ার ছেলে। তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজের অনার্স তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন। পাশাপাশি বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র সনো সেন্টারে এক্সরে বিভাগে কর্মরত ছিলেন। তিন ভাইয়ের মধ্যে ফজলে রাব্বি সবার ছোট।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন জানান তিনি, রাত ২টার দিকে ফজলে রাব্বি নামে ওই যুববকে হাসপাতালে নিয়ে আসে পরিবারের সদস্যরা। পরীক্ষা-নিরীক্ষার পর তাকে মৃত ঘোষণা করা হয়। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়। মরদেহ হিমঘরে রাখা হয়েছে। সংশ্লিষ্ট থানায় জানানো হবে

মেহেরপুরে কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী পালিত

মেহেরপুরে কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে নজরুল রচনা পাঠ থেকে, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
আজ বুধবার সকালে মেহেরপুর সরকারী কলেজের বৈশাখী চত্বরে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
মেহেরপুর সরকারী কলেজ আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, মেহেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মহা. আব্দুর রাজ্জাক, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক আবদুল বশির, অর্থনীতি বিভাগের প্রভাষক ইফতেখাইরুল ইসলাম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যক্ষ মোঃ ফুয়াদ খাঁন, ইংরেজি প্রভাষক মোঃ মাহফুজ আলী, বাংলা প্রভাষক মনিরুজ্জামান। এছাড়াও সেখানে অন্যান্য প্রভাষকগণ ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।
পরে মেহেরপুর সরকারী কলেজের শিক্ষার্থীরা কাজী নজরুল ইসলামের বিভিন্ন কবিতা, গান, ছড়া ও নাচ পরিবেশন করে অন্যান্য ছাত্র-ছাত্রী ও প্রভাষকদের মন জয় করে নেয়।

আলমডাঙ্গায় ওয়ার্ড আ.লীগের সভাপতির বিরুদ্ধে ধর্ষণ চেষ্টার অভিযোগ

আলমডাঙ্গা উপজেলার শালিকা গ্রামে ধর্ষণে ব্যর্থ হয়ে গৃহবধুকে মারধরের অভিযোগ উঠেছে ওয়ার্ড আ.লীগের সভাপতি জহিরুল ইসলাম ওরফে জহরনালের বিরুদ্ধে।

গতকাল সোমবার সন্ধ্যা পৌনে ৭ টার দিকে ওই গৃহবধুর বাড়িতে এঘটনা ঘটে। জহিরুল ইসলাম ওরফে জহরনাল (৬৫) শালিকা গ্রামের রোডপাড়ার মৃত ফজের আলী ছেলে। তিনি শালিকা ইউনিয়নের ২ নং ওয়ার্ড আ.লীগের সভাপতি।

এঘটনায় গতকাল সোমবার রাত সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গা থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তোভুগী গৃহবধু। লিখিত অভিযোগের বিষয়টি নিশ্চিত করেছেন আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম।

লিখিত অভিযোগ সুত্রে জানা যায়, দীর্ঘ চার বছর যাবত গৃহবধুকে কু- প্রস্তাব দিয়ে উত্যক্ত করে আসছে জহরনাল। বিভিন্ন সময় অজুহাত দেখিয়ে গৃহবধুর মোবাইলে কল করেও উত্যক্ত করতো। পরবর্তীতে মোবাইলের সিম পরিবর্তন করে গৃহবধু।

বিষয়টি স্বামীসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিদের জানানো হয়। এ নিয়ে কয়েকবার গ্রাম্যভাবে সালিস হলেও কোন সুরাহা হয়নি। প্রতিবাদ করলে স্বামীসহ গৃহবধুকে বিভিন্নভাবে হুমকি ধামকি দিয়ে আসছে।

গতকাল সোমবার সন্ধ্যার দিকে বাড়ির উঠানে শিশু সন্তানকে ভাত খাওয়াচ্ছিল গৃহবধু। বাড়িতে স্বামী না থাকার সুযোগে অভিযুক্ত জহরনাল ঢুকে গৃহবধুকে জড়িয়ে ধড়ে। পরে শিশু সন্তানকে মাটিতে ফেলে দিয়ে গৃহবধুকে জোর করে শয়ন করে নিয়ে ধর্ষণের চেষ্টা করলে ব্যর্থ হয়।

পরে ঘর থেকে বের হয়ে সন্তানকে নিয়ে চলে যেতে চাইলে গৃহবধুকে বেধড়ক মারধর করে জহরনাল। পরে প্রতিবেশিরা ঘটনাস্থলে পৌছালে অভিযুক্ত জহিরুল ইসলাম ওরফে জহরনাল গৃহবধু ও তার স্বামীকে হত্যার হুমকি দিয়ে চলে যায়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, সোমবার রাতে এক বৃদ্ধের বিরুদ্ধে ধর্ষণ চেষ্টার লিখিত অভিযোগ দিয়েছেন এক নারী। তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করা করা হবে।

আলমডাঙ্গায় পানিতে ডুবে তৃতীয় শ্রেণির ছাত্রের মৃত্যু

আলমডাঙ্গা উপজেলায় পানিতে ডুবে রহমান হোসেন (৯) এক শিশুর মৃত্যু

হয়েছে। মঙ্গলবার দুপুর সাড়ে ১২ টার দিকে নানা বাড়ি উপজেলার খাদিমপুর ইউনিয়নের আলীহাটনগর গ্রামে এঘটনা ঘটে।

রহমান হোসেন উপজেলার চিৎলা গ্রামের মণ্ডলপাড়ার দিনমজুর জাকিরুল ইসলামের ছেলে। সে চিৎলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্র ছিল।

নানা আসাদুল হক বলেন, রোববার আমার নাতি ছেলে রহমান হোসেন আমাদের বাড়িতে আসে। আজ মঙ্গলবার দুপুরে বাড়ির পাশে একটি পুকুরে গোসল করতে গিয়ে পানিতে ঢুবে যায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. তাসনিম আফরিন জ্যোতি বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর রহমান হোসেনকে মৃত ঘোষণা করা হয়েছে। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়।